স্নাতক(মেজর)পরীক্ষা-২০২৪

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ১ কোর্স: MJBENG01

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক – ১**

১। চর্যাগীতির পুথি কে কোথা থেকে কবে আবিষ্কার করেন? চর্যাগীতিতে তৎকালীন সমাজ জীবনের যে পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও। ১+১+১+১২ = ১৫

২। রামায়ণের আদি অনুবাদক ও তাঁর অনূদিত গ্রন্থের নাম কী? উক্ত গ্রন্থের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো। ১+১+১৩ = ১৫

**একক - ২**

৩। বৃন্দাবনদাসের চৈতন্য জীবনীর গুরুত্ব বিচার করো। ১৫

৪। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের ক'টি খণ্ড? তাঁর কাব্যের আখেটিক খণ্ডের গুরুত্ব আলোচনা লেখো। ১+১৪=১৫

**একক – ৩**

৫। 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত'-র রচনাকাল সম্পর্কিত বিতর্কটি সংক্ষেপে আলোচনা করো। গ্রন্থটির আদি লীলায় ক'টি পরিচ্ছেদ আছে? চৈতন্য জীবনীসাহিত্য রচনায় কবি কৃষ্ণদাস কবিরাজের কৃতিত্বের পরিচয় দাও। ৪+১+১০= ১৫

৬। রূপরামের ধর্মমঙ্গল কাব্যের যে-কোনো দুটি পালার নাম লেখো। কাব্যটির রচনাকাল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। রূপরামের কবিপ্রতিভার পরিচয় দাও। ২+৩+১০ = ১৫

**একক - ৪**

৭। ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের ক'টি খন্ড এবং কী কী? কাব্যটি অবলম্বনে ভারতচন্দ্রের কবিপ্রতিভার পরিচয় দাও। ১+৩+১১=১৫

৮। মধ্যযুগের বাংলা সাহিত্যে গঙ্গারামের 'মহারাষ্ট্র পুরাণ' কাব্য কেন ব্যতিক্রম তা কাহিনি অবলম্বনে আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

(ক) 'সদুক্তিকর্ণামৃত' (খ) জ্ঞানদাস (গ) কাশীরাম দাস (ঘ) আগমনী।

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি): ৫X২=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুথি কে কোথা থেকে আবিষ্কার করেন?

(খ) মনসামঙ্গলের পূর্ববঙ্গের দুজন কবির নাম লেখো।

(গ) চৈতন্যদেব কোথায় কার কাছে সন্ন্যাস গ্রহণ করেন?

(ঘ) সংস্কৃত চৈতন্যজীবনী প্রথম কে লেখেন? হ্লাদিনী শক্তির আধার কাকে বলা হয়?

(ঙ) কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যে মনসা প্রথমে কবিকে কোন বেশে দেখা দিয়েছিলেন? তাঁর কাব্যে উল্লিখিত একজন মুসলমান শাসনকর্তার নাম লেখো।

(চ) আলাওলের দুটি কাব্যের নাম লেখো।

(ছ)ময়মনসিংহ থেকে প্রকাশিত 'সৌরভ' পত্রিকার সম্পাদক কে ছিলেন? এই পত্রিকায় 'মালীর জোগান' প্রবন্ধটি কে লেখেন?

(জ) জীবনকৃষ্ণ মৈত্র কোন সময়ের কবি? তাঁর কাব্যের নাম কী?

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৪

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ১ কোর্স : MJBENG02

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। বিষয়বস্তু অনুসারে দাশরথি রায় রচিত পাঁচালির শ্রেণিবিন্যাস করো। বাংলা পাঁচালির ধারায় দাশরথি রায়ের স্বাতন্ত্র্য ও গুরুত্ব আলোচনা করো। ৭+৮=১৫

২। রামমোহন পূর্ববর্তী বাংলা গদ্যের নমুনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। বাংলা সাহিত্যিক গদ্যের বিকাশে রামমোহন রায়ের গুরুত্ব আলোচনা করো। ৫+১০=১৫

একক-২

৩। বিদ্যাসাগরের অনুবাদমূলক তিনটি গ্রন্থের নাম লেখো। ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের দুটি রচনার উল্লেখ করো। বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ৩+২+১০=১৫

৪। মধুসূদন দত্তের প্রহসন দুটির নাম কী? তাঁর প্রথম নাটকের নাম ও প্রকাশকাল লেখো। তাঁর লেখা শেষ নাটক কোনটি? বাংলা নাটকের ইতিহাসে মধুসূদনের কৃতিত্বের পরিচয় দাও। ২+২+১+১০=১৫

একক-৩

৫। বিংশ শতাব্দীতে রবীন্দ্রনাথের রচিত কাব্যের একটি ধারাবাহিক বিবরণ দাও। ১৫

৬। 'ভারতী গোষ্ঠী'র কথাসাহিত্যিকদের রচনা সম্পর্কে আলোচনা করো। ১৫

একক-৪

৭। অন্নদাশঙ্কর দত্তের শিক্ষা বিষয়ক প্রবন্ধগুলি সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। মহাশ্বেতা দেবীর ছোটোগল্পে প্রান্তিক ও পীড়িত মানুষের যন্ত্রণা ও অসহায়তা যেমন উঠে এসেছে, তেমনি উঠে এসেছে পরিস্থিতিকে অতিক্রম করার নিজস্বভঙ্গি।— তোমার নিজস্ব দৃষ্টিতে এই বক্তব্য বিশ্লেষণ করো। ৫+১০=১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২X৫=১০

(ক) বাংলা বইয়ের বাজার নির্মাণে বটতলার গুরুত্ব

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাস

(গ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ

(ঘ) গল্পকার সমরেশ বসু

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যচর্চার মূল লক্ষ্য কী ছিল?

(খ) কোনটি বেমানান ও কেন: 'কলিকাতা কমলালয়', 'নববাবুবিলাস', 'সংবাদ প্রভাকর', 'নববিবিবিলাস'।

(গ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের দুটি কাব্যের নাম লেখো।

(ঘ) 'সারদামঙ্গল' কাব্যটি কার লেখা? কাব্যটিতে কটি সর্গ আছে?

(ঙ) জগদীশ গুপ্তের দুটি উপন্যাসের নাম লেখো।

(চ) প্রথম প্রকাশের কালানুক্রমে সাজাও: 'প্রগতি' 'কল্লোল', 'সবুজ পত্র' 'শনিবারের চিঠি', 'কালিকলম'।

(ছ) অমিতাভ দাশগুপ্ত এবং সুনীল গঙ্গোপাধ্যায়ের একটি করে কাব্যগ্রন্থের নাম লেখো

(জ) উদ্বাস্তু-সমস্যাকেন্দ্রিক দুটি উপন্যাসের নাম লেখো

Four Year Undergraduate Examination 2024 (NEP 2020)

Minor Course in Bengali

Semester: I Course: MNBENG 01A

Time: 3 Hours Full Marks: 80

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। বাকি প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রুফ সংশোধন করে পৃষ্ঠাটি উত্তর পত্রের সঙ্গে যুক্ত করতে হবে।

একক-১

১। ডিজিটাল কনটেন্ট রাইটিং বলতে কী বোঝো? ভালো কন্টেন্ট রাইটিং-এর জন্য কন্টেন্ট রাইটারের কী কী দক্ষতা থাকা উচিত? তোমার পছন্দের কোনো একটি বিষয় নিয়ে সমাজ-মাধ্যমের (social media) জন্য ডিজিটাল কনটেন্ট নির্মাণ করো। ২+৩+১০=১৫

২। ব্লগিং বলতে কী বোঝো উদাহরণসহ লেখো। কোনও একটি বাংলা ইউটিউব ট্র্যাভেল ব্লগিং চ্যানেলের মূল্যায়ন করো।

৫+১০=১৫

একক-২

৩। অভিধানের বৈশিষ্ট্য ও সংকলন পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। হরিচরণ বন্দ্যোপাধ্যায় সংকলিত অভিধানটির নাম কী? অভিধানটির বিশেষত্ব সম্পর্কে তোমার মতামত দাও। ১৫

একক-৩

৫। বাংলা স্বরধ্বনিগুলির বর্ণমূল, বর্ণভেদ, উচ্চারণ-প্রতিবেশ ও লিপি প্রতিবেশ সূত্রাকারে লেখো। ১৫

৬। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-কৃত বাংলা বানান বিধির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

একক-৪

৭। গ্রন্থ নির্মাণ থেকে প্রকাশ পর্যন্ত সম্পাদকের বহুবিধ ভূমিকা বা কর্তব্য বিষয়ে আলোচনা করো। ১৫

৮। নীচের প্রুফটি কপির সঙ্গে মিলিয়ে সংশোধন করো। ১৫

**কপি**

দূর সমুদ্রের মধ্যে একটা দ্বীপ। সেখানে কেবল তাসের সাহেব, তাসের বিবি টেক্কা এবং গোলামের বাস। দুরি তিরি হইতে নহলা দহলা পর্যন্ত আরো অনেক-ঘর গৃহস্থ আছে, কিন্তু তাহারা উচ্চজাতীয় নহে। টেক্কা সাহেব গোলাম এই তিনটিই প্রধান বর্ণ; নহলা-দহলারা অন্ত্যজ, তাহাদের সহিত এক পঙ্‌ক্তিতে বসিবার যোগ্য নহে। কিন্তু, চমৎকার শৃঙ্খলা। কাহার কত মূল্য এবং মর্যাদা তাহা বহুকাল হইতে স্থির হইয়া গেছে, তাহার রেখামাত্র ইতস্তত হইবার জো নাই। সকলেই যথানির্দিষ্ট মতে আপন আপন কাজ করিয়া যায়— বংশাবলিক্রমে কেবল পূর্ববর্তীদিগের উপর দাগা বুলাইয়া চলা। সে যে কী কাজ তাহা বিদেশীর পক্ষে বোঝা শক্ত। হঠাৎ খেলা বলিয়া ভ্রম হয়। কেবল নিয়মে চলাফেরা, নিয়মে যাওয়া আসা, নিয়মে ওঠাপড়া। অদৃশ্য হস্তে তাহাদিগকে চালনা করিতেছে এবং তাহারা চলিতেছে।

**প্রুফ**

দূর সমুদ্রের মধ্যে একটা দীপ। সেখানে কেবল তাসের সাহেব, তাসের বিবি টেক্কা এবং গোলামের বাস। দূরি তিরি হইতে নহলা দহলা পর্যন্ত আরো অনেক-ঘর গৃহস্থ আছে, কিন্তু তাহারা উচ্চজাতীয় নয়। টেক্কা সাহেব গোলাম এই তিনটিই প্রধাণ বর্ন; নহলা-দহলারা অন্তজ, তাহাদের সহিত একই পঙ্‌ক্তিতে বসিবার যোগ্য নহে। কিন্তু চমৎকার শৃঙ্খলা। কাহার কতো মূল্য এবং মর্যাদা তাহা বহু কাল হইতে স্থির হইয়া গেছে। তাহার রেখামাত্র ইতঃস্তত হইবার জো নাই। সকলেই যথা নির্দিষ্ট মতে আপনআপন কাজ করিয়া যায়— বংশাবলীক্রমে কেবল পূর্ববর্তীদিগের উপর দাগা বুলাইয়া চলা। সে যে কী কাজ তাহা বিদেশীর পক্ষে বোঝা শক্ত। হঠাত খেলা বলিয়া বিভ্রম হয়। কেবল নিয়মে চলা-ফেরা, নিয়মে যাওয়া আসা, নিয়মে ওঠাপড়া। অদৃশ্য হস্তে তাহাদিগকে চালনা করিতেছে এবং তাহারা চলিতেছে।

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

ক। ঘোস্ট রাইটিং

খ। প্রাচীন ভারতে অভিধানচর্চা

গ। বাংলা বানানের ক্ষেত্রে স্খলন ও ভ্রান্তি

ঘ। প্রুফ সংশোধনের গুরুত্ব

১০ যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। কলকাতা বিশ্ববিদ্যালয় কবে বাংলা বানান সংস্কার করে?

খ। ডিজিটাল কনটেন্ট রাইটিং-এ হাইপারলিংক কখন ব্যবহার করা প্রয়োজন ও কেন?

গ। দেশীয় পদ্ধতিতে রান্না করা হয় এরকম দুটি বাংলা ইউটিউব ফুড ব্লগিং চ্যানেলের নাম লেখো।

ঘ। "জীবনের নানা ওঠা-পড়া যেন সহজে গায়ে না লাগে"— এই বাক্যটি কোন বিজ্ঞাপনের সঙ্গে যুক্ত?

ঙ। 'সরল বাংলা অভিধান' কে কবে সংকলন করেন?

চ। অভিধানচর্চার দুটো প্রাসঙ্গিকতা লেখো।

ছ। 'বাংলা কী লিখবেন কেন লিখবেন' গ্রন্থটি কার লেখা? এটি প্রথম কত সালে প্রকাশিত হয়েছিল?

জ। পশ্চিমবঙ্গ বাংলা বানান বিধি অনুসারে নীচের শব্দ জোড়ার মধ্যে কোন বানানটি ঠিক নির্দেশ করো:

অ। কাহিনি/ কাহিনী

আ। পরশমনি/ পরশমণি

ই। নবীন/ নবীণ

ঈ। খ্রিস্টাব্দ/ খ্রিষ্টাব্দ

উ। তত্ত্বাবধান/ তত্ত্বাবধান

Four Year Undergraduate Examination 2024 (NEP 2020)

Multidisciplinary Course in Bengali

Semester : I Course : MDBENG01

Time : 3 Hours Full Marks : 60

(বাংলা ভাষা ও সংস্কৃতি : সংক্ষিপ্ত পরিচয়)

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক

### একক - ১

১। বাংলা ব্যঞ্জনধনির শ্রেণিবিভাগ করো। ১৫

২। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তনের মাধ্যমে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সম্পর্কে আলোচনা করো। ১৫

৩। আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো। ১৫

### একক - ২

৪। বাঙালির সংস্কৃতি বলতে কী বোঝায়, নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৫। বাঙালির সংস্কৃতির ইতিহাসে পাল ও সেন যুগের অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫

৬। বাঙালির পোশাক বিবর্তনের ইতিহাস নিজের ভাষায় আলোচনা করো। ১৫

### একক - ৩

৭। বাঙালির সেকুলার উৎসব সম্পর্কে একটি নিবন্ধ লেখো। ১৫

৮। সত্যজিৎ রায় পূর্ববর্তী বাংলা ছবি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৫

৯। বাংলা আধুনিক গানের উদ্ভব ও বিকাশ নিয়ে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩X৫=১৫

(ক) স্বনিম

(খ) অন্ত্যমধ্য বাংলা

(গ) বাঙালির প্রাগাধুনিক খাদ্যরুচি

(ঘ) বাঙালির সাহিত্যচর্চায় পঞ্চদশ শতক

(ঙ) বাংলা ব্যান্ড

(চ) সুমনের গান

Four Year Undergraduate Examination 2024 (NEP 2020)

Multidisciplinary Course in Bengali (for Back Candidates only)

Semester : I Course: MDPBENG Course 01

Time : 3 Hours Full Marks : 60

(বাংলা সাহিত্য ও অন্যান্য শিল্পের সম্পর্ক)

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। ১০ এবং ১১ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক

## একক - ১

১। শিল্প ও সাহিত্য পরস্পর বিচ্ছিন্ন কোনো বিষয় নয়—আলোচনা করো। ১৫

২। নব্য বাংলা শিল্প-আন্দোলন কাকে বলে? এই আন্দোলনে 'প্রবাসী' পত্রিকার অংশগ্রহণ ব্যাখ্যা করো। ৪+৬=১০

৩। বাংলার মন্দিরে রামকথার নানা আখ্যান কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১৫

## একক - ২

৪। রবীন্দ্রসংগীত অথবা নজরুলগীতির বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ১৫

৫। বাংলা আধুনিক গান অথবা বাংলা গণসংগীতের উদ্ভব ও বিকাশ সংক্ষেপে আলোচনা করো। ১৫

৬। বিংশ ও একবিংশ শতাব্দীর সন্ধিক্ষণের বাংলা গান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১৫

## একক - ৩

৭। সত্যজিৎ রায়ের অপু ট্রিলজি অবলম্বনে সাহিত্য ও চলচ্চিত্রের সম্পর্ক আলোচনা করো। ১৫

৮। গ্রহণ, বর্জন ও রূপান্তরের মধ্য দিয়ে কীভাবে সাহিত্য থেকে চলচ্চিত্র তৈরি হয় তা উদাহরণ দিয়ে আলোচনা করো। ১৫

৯। তোমার পছন্দের একজন বাঙালি পরিচালকের ছবি নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X৫=১৫

(ক) ভগিনী নিবেদিতা

(খ) বাংলার মন্দিরে কৃষ্ণকথা

(গ) হীরালাল সেন

(ঘ) ম্যাডান থিয়েটার

(ঙ) ব্রহ্মসংগীত

(চ) সুমনের গান

১১। এক কথায় উত্তর দাও (যে-কোনো পনেরোটি): ১৫X১=১৫

(ক) কাশীনাথ মহাত্রে কে?

(খ) প্রবাসী পত্রিকায় প্রকাশিত জ্ঞানেন্দ্রমোহন দাসের দীর্ঘ প্রবন্ধটির নাম কী?

(গ) অর্ধেন্দ্রকুমার গঙ্গোপাধ্যায় অঙ্কিত চিত্রের নাম কী?

(ঘ) পাল আমলের বাংলার মন্দির আছে এমন একটি জায়গার নাম লেখো।

(ঙ) রামায়ণের সচিত্র একটি পাণ্ডুলিপি কোথা থেকে পাওয়া গেছে?

(চ) বাংলার শিল্প বিষয়ে একজন বিদেশি গবেষকের নাম লেখো।

(ছ) বাঁকুড়ার কোন জায়গায় অনেক পোড়ামাটির মন্দির আছে?

(জ) রবীন্দ্রনাথ ঠাকুর-প্রণীত গীতি সংকলনটির নাম কী?

(ঝ) সিনেমার প্রয়োজনে রবীন্দ্রনাথের কবিতায় সুরারোপ করেন কোন সুরকার?

(ঞ) সময়ক্রম অনুযায়ী গীতিকারদের তালিকা প্রস্তুত করো : অজয় ভট্টাচার্য, প্রতুল মুখোপাধ্যায়, কবীর সুমন, সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়।

(ট) জনযুদ্ধের গান কোন ধারার বাংলা গানের সঙ্গে যুক্ত?

(ঠ) হিমাংশুগীতি হিসেবে চিহ্নিত করা হয়েছিল কোন গানকে?

(ড) প্রথম বাংলা চলচ্চিত্রের নাম কী?

(ঢ) নির্বাক যুগের দুটি বাংলা চলচ্চিত্রের নাম লেখো।

(ণ) প্রাক্-সত্যজিৎ রায় যুগে একজন চলচ্চিত্রকারের নাম লেখো।

(ত) রবীন্দ্রসাহিত্য অবলম্বনে প্রথম চলচ্চিত্রের নাম লেখো।

(থ) মৃণাল সেন পরিচালিত একটি সিনেমার নাম লেখো।

(দ) 'কাবুলিওয়ালা' চলচ্চিত্রের পরিচালক কে ছিলেন?

স্নাতক পরীক্ষা – ২০২৪

বাংলা

সেমেস্টার: ১ কোর্স SECBG01

গ্রন্থ সম্পাদনা

**সময়: ৩ ঘন্টা** **পূর্ণমান: ৬০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। বাংলা মুদ্রণের ইতিহাসকে যে-চারটি পর্বে ভাগ করা হয়ে থাকে সেগুলির কালসীমা নির্দেশ করে প্রথম পর্ব সম্পর্কে আলোচনা করো । ৫+১০=১৫

২। হ্যালহেডের বাংলা ব্যাকরণ বইটির নাম কী ? বইটি কীভাবে ছাপা হল তা জানাও এবং বইটির বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১+৯+৫=১৫

৩। মুদ্রণের ইতিহাসে গুটেনবার্গ ও তাঁর ছাপা বইয়ের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো । ১৫

একক-২

৪। বাংলা শব্দ-ভাণ্ডারের সঙ্গে বাংলা বানানের সম্পর্ক কী উদাহরণসহ বুঝিয়ে দাও। ১৫

৫। ণত্ব বিধান ও ষত্ব বিধান কাকে বলে উদাহরণসহ আলোচনা করো। নিত্য ণত্ব বলতে কী বোঝায় উদাহরণ সহযোগে লেখো। 'কাহিনী' ও 'পাখী' এই বানান দুটির এখনকার রূপ কী? কেন এই বানান লেখা হচ্ছে জানাও। ৫+৫+৫=১৫

৬। বাংলা মুদ্রণ প্রযুক্তির সঙ্গে বাংলা লিপি সংস্কারের যোগ বিষয়ে তোমার মতামত দাও। ১৫

একক-৩

৭। খাঁটি বাংলা ব্যাকরণ সম্বন্ধে তোমার ধারণা ব্যক্ত করো। ১৫

৮। ব্যাকরণ চর্চার মূল বিষয় কী কী ? সেগুলি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দাও। ১৫

৯। ভাষাবিজ্ঞানসম্মত ব্যাকরণের প্রধান দুটি আদল বিষয়ে আলোচনা কারো। ১৫

১০। যে-কোনো তিনটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো: ৩×৫= ১৫

(ক) চার্লস উইলকিনস (খ) কাঠ খোদাইয়ে ছাপা প্রথম বই (গ) 'কি' ও 'কী' (ঘ) চলন্তিকা (ঙ) ব্যাকরণ ও ভাষাতত্ত্বের পার্থক্য (চ) বিধানমূলক ব্যাকরণ

**Four Year Undergraduate Examination (NEP) 2024**
**Semester - I**
**Subject AECC / MIL (Bengali)**
**Course: AECC BENG01**
**(For Regular & Back Candidates)**

জনপ্রিয় সাহিত্য

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**সময়: ২ ঘন্টা** **পূর্ণমান: ৪০**

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×১০ =২০

১। হাস্যরস পরিবেশনের ক্ষেত্রে 'লক্ষ্মণের শক্তিশেল'-এর বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

২। অ্যাডভেঞ্চারের কাহিনি হিসেবে 'যকের ধন'-এর গুরুত্ব বিচার করো।

৩। 'ভয়ংকর সুন্দর' উপন্যাসে সন্তুর কিশোর মনের অভিব্যক্তি কীভাবে ধরা পড়েছে আলোচনা করো।

৪। মনোজদের বাড়ির সদস্যদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাদের বাড়িকে কেন অদ্ভুত বলা হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৫। যে-কোনো চারটি বিষয়ে টীকা লেখো: ৪×৫=২০

ক) 'লক্ষ্মণের শক্তিশেল' নাটকে রাম চরিত্র

খ) 'যকের ধন'-এর পরিণতি

গ) করালী চরিত্র

ঘ) 'ভয়ংকর সুন্দর' উপন্যাসে কাশ্মীরের প্রকৃতি

ঙ) গোয়েন্দা বরদাচরণ

চ) 'মনোজদের অদ্ভুত বাড়ি' উপন্যাসে একটি ফোটোগ্রাফের গুরুত্ব

-------------

**Undergraduate Examination, 2024**
**Semester-I**
**CVAC: Tagore Studies (NEP)**
**(For Regular and Back Candidates)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক

**১। যে-কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও :** ১৫×১=১৫

ক) রবীন্দ্রনাথের পিতামহের নাম কী ছিল?

খ) কত সালে দেবেন্দ্রনাথের জন্ম হয়েছিল?

গ) রবীন্দ্রনাথের এক দাদা বিখ্যাত নাট্যকার ছিলেন। তাঁর নাম কী?

ঘ) রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কী?

ঙ) রবীন্দ্রনাথ প্রথম বিলাত যাত্রা করেন কোন সালে?

চ) রবীন্দ্রনাথের প্রথম পুত্রের নাম কী?

ছ) রবীন্দ্রনাথ ত্রিপুরার ইতিহাস ভিত্তি করে একটি বিখ্যাত নাটক লেখেন। নাটকটির নাম কী?

জ) 'তিনি যন্ত্র নন, তিনি মানুষ' – এই 'তিনি' কে?

ঝ) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমের প্রথম শিক্ষকদের মধ্যে যে-কোনো একজনের নাম লেখো।

ঞ) 'আমি দেবতার মেয়ে, কিন্তু দেবতার ক্ষমতা আমার নেই' – এই বাক্যটি কোন রচনার অন্তর্গত?

ট) 'বিশ্বভারতী'কে কোন সালে রবীন্দ্রনাথ দেশের হাতে তুলে দেন?

ঠ) গান্ধী পুণ্যাহ কোন তারিখে পালন করা হয়?

ড) কোন ঘটনার প্রতিবাদে রবীন্দ্রনাথ 'স্যার' উপাধি ত্যাগ করেন?

ঢ) রবীন্দ্রনাথের সত্তর বছরের জন্মদিন উপলক্ষ্যে প্রকাশিত বাংলা সংবর্ধনা গ্রন্থটির নাম কী?

ণ) সুরুল কুঠিবাড়িতে কোন কেন্দ্র স্থাপন করা হয়?

ত) রবীন্দ্রনাথের শেষ ভাষণের শিরোনাম কী?

থ) রবীন্দ্রনাথ কোথায় প্রয়াত হন?

দ) রবীন্দ্রনাথের শেষ উপন্যাসের নাম কী?

**২। যে-কোনো তিনটি বিষয়ে টীকা লেখো :** ৩×৫=১৫

ক) হিন্দুমেলা ও ঠাকুরবাড়ি খ) রবীন্দ্রনাথের প্রথম হিমালয় ভ্রমণ গ) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম

ঘ) শ্রীনিকেতন ঙ) 'প্রভাতসংগীত' রচনার সময় সদর স্ট্রীটে সূর্যোদয় দেখার অভিজ্ঞতা চ) রবীন্দ্রনাথের বিদেশভ্রমণ

**৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ২×১৫=৩০

ক) 'পৃথিবী' রচনাটি অবলম্বন করে রবীন্দ্রনাথের উপলব্ধির বিবরণ দাও।

খ) ভারতবর্ষের সভ্যতা 'মিলনমূলক' বলে রবীন্দ্রনাথ কী বোঝাতে চেয়েছেন ব্যাখ্যা করো।

গ) রবীন্দ্রনাথ আশ্রমের গুরুকে কীভাবে দেখতে চেয়েছেন, 'আশ্রমের শিক্ষা' রচনাটি অবলম্বন করে আলোচনা করো।

ঘ) বুদ্ধদেব সম্পর্কে রবীন্দ্রনাথের মনোভাবের পরিচয় দাও।

ঙ) বিশ্বভারতী প্রতিষ্ঠার ক্ষেত্রে রবীন্দ্রনাথের কোন কোন উদ্দেশ্য কাজ করেছে আলোচনা করো।

-----------

**P.T.O.**